REG. NO. C. 858

জঙ্গিপুর

# সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

## বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে।

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে অগ্রিম মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদপত্রাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরৎচন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৫ম বর্ষ। রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৪ই ফাল্গুন বুধবার ১৩২৫ ইংরাজী 26th February 1919. ৩৫শ সংখ্যা।



# কেশরঞ্জন তৈল




**কেশরঞ্জন নূতন নহে।**—এ নবযুগে, যখন দেশে কোন স্বদেশী সুগন্ধি কেশতৈলের প্রচলন ছিল না—কেশরঞ্জন তখন আবির্ভূত হইয়া, আজ পর্য্যন্ত অব্যাহতভাবে, সমগ্র ভারতবাসীর মনোরঞ্জন করিয়া আসিতেছে। নিত্য নিত্য নব নব বিজ্ঞান রঙ্গে রঞ্জিত নাম বিশিষ্ট কত কেশতৈল বাহির হইতেছে। কিন্তু "কেশরঞ্জনের" আদর প্রতিপত্তি ও সুযশ এখনও অক্ষুণ্ণ।

**কেশরঞ্জন সুগন্ধে বিশ্ববিজয়ী।**—বিংশতি বৎসর পূর্ব্বে "কেশরঞ্জনের" উপাদানে যে সব দেবদুর্লভ দ্রব্যের সমাবেশ ছিল, আজও সেই সবই আছে; এবং সময়োপযোগী করিবার জন্য আরও নূতন নূতন উপাদান সংযোজিত হইয়াছে। ইহাতে দিন দিন "কেশরঞ্জনের" গুণ, যশ ও আদর বৃদ্ধি পাইতেছে।

**কেশরঞ্জন ভারতের গৃহে গৃহে।**—এখন নিজের শক্তিবলে মহাপরীক্ষায় উত্তীর্ণ হইয়া "কেশরঞ্জন" ভারতের গৃহে গৃহে বিরাজমান। কেবল ভারতে কেন—সুদূর ব্রহ্ম, সিংহল প্রভৃতি জনস্থানেও ইহার যথেষ্ট সমাদর।

**কেশরঞ্জনের প্রতিদ্বন্দ্বী নাই।**—কেন না অনেকে অনুকরণের চেষ্টা করিয়াও সিদ্ধমনোরথ হইতে পারেন নাই।—কেন না, ভারত, ব্রহ্ম ও সিংহলের বড় বড় দিক্‌পাল, দেশাধিপতি, রাজা-মহারাজা হইতে সামান্য কুটীরবাসী পর্য্যন্ত কেশরঞ্জন ব্যবহার করেন। "কেশরঞ্জন" সুগন্ধে অননুকরণীয়,—গুণে অতুলনীয়। ইহা মস্তিষ্ক-রোগের আশু প্রতিকারে মন্ত্রশক্তি সম্পন্ন।

এক শিশি ১৲ এক টাকা, মাশুলাদি ।৵০ সাত আনা, তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা, মাশুলাদি ৸৵০ পোনের আনা। ডজন ৯৲ নয় টাকা, মাশুলাদি স্বতন্ত্র।

## দুইটী চিত্রের তুলনায় সমালোচনা।

**স্বাস্থ্যহীনতার চিত্র।**

মলিন মুখ, বিশীর্ণ দেহ, এক একখানি করিয়া যেন পঞ্জর দেখা দিতেছে। আহারে রুচি নাই, ক্ষুধা নাই, কাজে মন লাগে না, সর্ব্বদা মনের ভিতর দুশ্চিন্তা, রাত্রে নিদ্রা হয় না। শারীরিক ও স্নায়বিক দৌর্ব্বল্য এত বেশী যে আধপোয়া পথ চলিলে খুব ক্লান্ত হইতে হয়। কিন্তু যদি আমাদের "অশ্বগন্ধারিষ্ট" কিছুদিন সেবন করেন—তাহা হইলে নবজীবন লাভ করিবেন।

**স্বাস্থ্যপূর্ণতার চিত্র।**

তখন দেখিবেন—আপনার বিশীর্ণ গণ্ডে লোহিতাভ সঞ্চার হইয়াছে। আহারে রুচি হইয়াছে। শারীরিক ও মানসিক শ্রম করিতে আর আপনি অপারক নন। সম্মুখে ইউনিভারসিটী পরীক্ষা। নব উৎসাহে, নবজীবনে আপনি দিনরাত খাটিতেছেন—একটুও ক্লান্তি নাই, অবসাদ নাই। এ জন্য জানিয়া রাখুন—সর্ব্ববিধ স্নায়বিক ও দৈহিক দুর্ব্বলতার জন্য আমাদের অশ্বগন্ধারিষ্ট দেশপ্রসিদ্ধ মহৌষধ।

এক শিশির মূল্য ১৲ এক টাকা; মাশুলাদি ॥৵০ এগার আনা।

গবর্ণমেণ্ট-মেডিক্যাল-ডিপ্লোমাপ্রাপ্ত,

**শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সেনগুপ্ত কবিরাজের**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

# হিলিংবাম

**নূতন ও পুরাতন মেহ এবং ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।**

১ মাত্রায় পরিচয়! এক দিবসে জ্বালাক্ষয়!! এক সপ্তাহে নিরাময়!!!

মেহের জড় "গণোকোকাই" জড় নষ্ট না হইলে রোগ সারে না। হিলিংবাম এ জড়-নষ্টকর উপাদানে প্রস্তুত, সেই জন্য কেবল মাত্র ইহাই মেহের মহৌষধ। মেহ রোগ আজ কাল শতকরা ৯৫ জনের হয়। কিন্তু এই রোগ-রাক্ষসের সমুচিত ঔষধ "হিলিংবাম"। আর বাজে ঔষধ সেবন করিয়া শক্তি অর্থ ও সামর্থ্য নষ্ট করিবেন না। আমাদের ঔষধ ২৪ বৎসরের অধিক পুরাতন।

আজ কাল ভাল ঔষধের 'ভেল' হইয়া থাকে, আমাদের হিলিংবামও এ বিষয়ে ছাড় পায় নাই। জাল হিলিংবাম ছাড়া অনেক "বাম" আজ কাল বাজারে দেখা দিয়াছেন। এই সকল অসার ঔষধ হইতে সাবধান হইবেন।

মেহ রোগ কি, তাহা বোধ হয় সকলেই জানেন। প্রধানতঃ মেহের উপসর্গ এইগুলি—প্রস্রাবের জ্বালা যন্ত্রণা, প্রস্রাব সরল না হওয়া, বার বার বেগ হওয়া, কিন্তু প্রস্রাব খোলসা না হইয়া মূত্রনালী টন্ টন্ করা, রক্ত পূঁজ যুক্ত খড়িগোলার মত বা ঘোলা প্রস্রাব হওয়া, কাপড়ে সাদা সাদা দাগ লাগা, মাথাধরা, মাথাঘোরা, জ্বরভাব, কাজে মন না লাগা, কোষ্ঠ কাঠিন্য হাত-পা-গা টাটান, গাঁট কন্ কন্ করা কিছু মনে না থাকা, রাত্রে ভাল ঘুম না হওয়া, অল্প উত্তেজনায় এমন কি প্রস্রাবসহ বা কোষ্ঠ ত্যাগকালে ধাতুক্ষয়, স্বপ্নদোষ, আংশিক পুরুষত্বহানি ইত্যাদি। হিলিংবাম যে কত শত সহস্র প্রশংসা পত্র পাইয়াছে তাহা গুনিয়া শেষ করা যায় না। ধনী নিধন স্ত্রী পুরুষ সকলেই ঔষধের অত্যাশ্চর্য্য উপকারিতা দেখিয়া প্রশংসা করিতে বাধ্য হইয়াছেন। কিন্তু এ সকল বাদ দিলেও নিম্নে দেখুন কত বড় বড় ডাক্তার প্রশংসা করিয়াছেন।

## কেবল কয়েকজন ডাক্তারের নাম।

(১) কর্ণেল কে, পি, গুপ্ত, (আই, এম, এস,) এম, এ, এম, ডি,—এফ, আর, সি, এস—পি, এস, ডি—এস, এস, সি; (২) মেজর বি কে, বসু—(আই, এম, এস,) এম, ডি, সি, এম; (৩) মেজর এন, পি, সিংহ, (আই, এম, এস,) এম, আর, সি, পি এম, আর, সি, এস; (৪) ডাঃ এস, চক্রবর্ত্তী এম, ডি; (৫) ডাঃ ইউ, গুপ্ত এম, ডি; (৬) ই, এস, পুষং এম, ডি; (৭) আর মল্লিয়ার এম, বি, সি, এম; (৮) ডাঃ টি, ইউ, আমেদ এম, বি, সি, এম, এল, এস, এ; (৯) ডাঃ এ, ফারমা, এল, আর, সি, পি, এণ্ড এস; (১০) ডাঃ জি, সি, বেজবড়ুয়া; এল, আর, সি, পি, এল, এফ, পি; (১১) ডাঃ আর, জি, কর, এল, আর, সি, পি, এণ্ড এস ইত্যাদি।

হিলিংবাম সমস্ত ডাক্তারখানায় বিক্রয় হয়।

মূল্য বড় শিশি ২॥০; ছোট শিশি ১৷০; ভিঃ পিঃতে প্যাকিং ডাক খরচাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

১৪ই ফাল্গুন বুধবার, ১৩২৫ সাল।

## ব্যাধি কোথায় ?

আজ আমাদের দেশ কোন্ স্তরে উপনীত, তাহা সকলেরই চিন্তা করিবার বিষয় হইয়াছে। বঙ্গ-ভঙ্গ-আন্দোলনের পর হইতে দেশে একটা জাগরণ ভাব পরিলক্ষিত হইতেছে। আমাদের নেতৃবৃন্দ স্বায়ত্বশাসন বা হোমরুলের জন্য দাবি করিতেছেন। আমাদের মহিমান্বিত সম্রাট বাহাদুরও আমাদিগের প্রার্থনা অগ্রাহ্য করেন নাই। এই আন্দোলনের ফলে, আমাদিগের ভাঙ্গা দেশ জোড়া লাগিয়াছে, ফ্রান্সে ও মেসোপোটেমিয়ায় প্রবাহিত ক্ষাত্র-শোণিত আমাদিগের কলঙ্ক-কালিমা ধৌত করিয়া দিয়াছে, ভবিষ্যৎ দান-লীলার গৌরচন্দ্রিকা-স্বরূপ রিফর্ম্ম স্কীমের কলতানও আমরা শুনিতে পাইতেছি, অপমানিত ও বিজিত বলিয়া আমাদিগের যে অভিমান ছিল, স্যার সত্যেন্দ্র প্রসন্নের "লর্ডত্ব" তাহা মধুর স্পর্শে মুছিয়া দিয়াছে।

কিন্তু হে বাঙ্গালী নেতৃবৃন্দ! তোমাদিগের মহতী দৃষ্টি কেবল উন্নতির শিখর দেশে নিবদ্ধ রাখিলে চলিবে না। শিখরকে যদি উত্তুঙ্গ ও অত্যুজ্জ্বল দেখিতে চাও, তাহা হইলে নিম্ন-স্তরটিকে সুপ্রতিষ্ঠিত ও সুন্দর কর। ভিত্তি দৃঢ় না হইলে তোমার সাধের সৌধ ঝটিকার একটি হিল্লোলের ভারও সহ্য করিতে পারিবে না। তোমাদিগের পল্লীজীবন বর্ত্তমানে সহরের সুসভ্য-সমীরণ-স্পর্শে অতীতের অসভ্যতা দূর করিয়া দিয়াছে বটে, কিন্তু ভাবিয়া দেখ—এই পল্লীজীবনই তোমাদিগের বিরাট জাতীয়জীবনের ভিত্তি। মহামারী, জলপ্লাবন ও দুর্ভিক্ষে পল্লীজীবন ক্ষণভঙ্গুর হইয়া "শেষের সে দিন"গুলি স্মরণ করিতেছে। বৎসরের পর বৎসর এই মহাপ্রলয় যেরূপ ব্যাপক হইয়া উঠিতেছে, তাহাতে বুঝি বা পল্লীবাসী জীবন শূন্য হইয়া পড়ে। বুঝি বা হোমরুল-পতাকা ধারণ করিবার শক্তিটুকুও তাহাদিগের রোগ-জর্জ্জর অনশনক্লিষ্ট বাহুযুগল হইতে অন্তর্হিত হয়।

স্বায়ত্বশাসন প্রত্যেক মানুষেরই প্রাপ্য ও বাঞ্ছনীয়। কিন্তু তাহার প্রতি লুব্ধ দৃষ্টি নিক্ষেপ করিয়া কলরবে দিনাতিপাত করিলে বিশেষ কোনই সুফল প্রসূত হইবে না। যদি দেশকে উন্নত করিতে চাও, যদি তোমাদের সকল আশাকে সুফলপ্রসূ করিতে চাও, তাহা হইলে সহরের উচ্চ মঞ্চ হইতে মুমূর্ষু পল্লী-প্রান্তরে অবতরণ কর। দেখিবে—নিরন্ন, নিরক্ষর কঙ্কালসার পল্লীবাসীর প্রেতমূর্ত্তি তোমাদিগের নয়নদ্বয়কে অশ্রুপ্লাবিত করিবে; তাহাদিগের অন্তুদ যন্ত্রণার করুণ কাহিনী তোমাদের কর্ণপটহ দীর্ণ করিয়া ফেলিবে। তখন বুঝিবে তোমাদের মূল সূত্র কোথায়!

অতএব, আজ দেশ রক্ষা করিতে হইলে মহাত্মা গান্ধীর মত দেব-মূর্ত্তিতে দেশময় ছড়াইয়া পড়। দেশের দুর্দ্দশা ঘুচাইয়া দাও,—দেশ শিক্ষায় স্বাস্থ্যে পরিপূর্ণ উঠুক। সর্ব্বাঙ্গসুন্দর স্বায়ত্বশাসন লাভ করিয়া দেশও সর্ব্বাঙ্গসুন্দর হউক।

## সাবধান।

আমরা এই রঘুনাথগঞ্জ সহরের একটি জঘন্য পৈশাচিকতার সংবাদ বিশ্বস্তসূত্রে অবগত হইয়াছি। সংবাদটি বর্ত্তমান সংখ্যায় প্রকাশ করিয়া "জঙ্গিপুর সংবাদকে" কলুষিত করিতে চাহি না। কেননা যাঁহার জানিবার প্রয়োজন তিনি জানিতে পারিয়াছেন। এক্ষণে ইঙ্গিতে এইটুকু মাত্র জানাইয়া রাখি, যদি ইহার সমুচিত প্রতিকার না হয়, তাহা হইলে, ভবিষ্যতে এই পৈশাচিকতার সংবাদ আমরা লোক-লোচনের গোচরীভূত করিতে আদৌ দ্বিধা বোধ করিব না।

## সদনুষ্ঠানে থিয়েটার।

আমরা শুনিয়া সুখী হইলাম যে, ধুলিয়ানের বান্ধব নাট্য সমিতি নিম্নপ্রাথমিক শিক্ষা বিস্তারের জন্য আগামী ২৮শে ফাল্গুন "হরিশ্চন্দ্র" ও ২৯শে ফাল্গুন "জয়দেব" অভিনীত করিবার আয়োজন করিতেছেন। তন্নিমিত্ত ১৲ টাকা, ৷৷০ আনা ও ।০ আনার টিকেট শ্রেণীবিশেষে ধার্য্য হইয়াছে। উদ্দেশ্য মহৎ। আশা করি দেশবাসী তাঁহাদের এই সদনুষ্ঠানের সাহায্য করিতে কৃপণতা করিবেন না। যেরূপ পুণ্যানুষ্ঠান, তাহাতে নাটক দুইখানির নির্ব্বাচনও সুন্দর হইয়াছে। সুতরাং ইহাতে অর্থের অপব্যয় হইবে না—বরং অর্থ ব্যয় সার্থকই হইবে।

## টাকার ভাঙ্গানি।

গত সংখ্যা জঙ্গিপুর সংবাদে আমরা টাকার ভাঙ্গানির দুষ্প্রাপ্যতার কথা প্রকাশ করিয়াছিলাম। আমাদের সুযোগ্য সবডিবিসনাল অফিসার তাঁহার সেরেস্তাদার সাহেবের মারফত আমাদিগকে জানাইয়াছেন যে যাঁহার টাকার ভাঙ্গানির প্রয়োজন হইবে তিনি স্থানীয় ট্রেজারীতে আবশ্যক মত পয়সা বা রেজকী পাইবেন। আমরা যতদূর জানি তাহাতে ট্রেজারীর দিন ভিন্ন সেখানে ভাঙ্গানি পাওয়া যায় না। আশা করি যাহাতে প্রত্যহ সময় মত উক্ত আফিসে ভাঙ্গানি পাওয়া যায় হাকিম বাবু তাহার সুব্যবস্থা করিবেন।

## দেবমূর্ত্তির অবমাননা।

কলিকাতায় কেথিড্রলমিশন কলেজের প্রিন্সিপাল রেভারেণ্ড এ, বি, জনষ্টনের নামে গত বুধবার দিন ৮৪ নং সীতারাম ঘোষ ষ্ট্রীটের বাবু জিতেন্দ্রলাল বন্দ্যোপাধ্যায় সরস্বতী মূর্ত্তির অবমাননা জন্য হিন্দুসমাজের লোকস্বরূপে নালিশ করিয়াছেন। জিতেন্দ্র বাবু উদারমনা উকিল, হাইকোর্টে ওকালতি করেন, ইনি রামপুরহাটের অধিবাসী। সর্ব্বত্র ইনি অধ্যাপক জিতেন্দ্রলাল বন্দ্যোপাধ্যায় বলিয়া পরিচিত। ইনি একজন স্বনামধন্য পুরুষ ও উপযুক্ত বক্তা। ঘটনার বিবরণ এই যে উক্ত মিশন কলেজের কতিপয় হিন্দু ছাত্র নর সিং লেনের একটী বাড়ীতে সরস্বতী পূজা করে। পরদিন ছাত্রদের ঐ ঘর পরিত্যাগ করার কথা। কিন্তু অন্য স্থান না পাইয়া ছাত্রগণ ঐ মূর্ত্তি পরদিন তাহাদের কলেজ সংসৃষ্ট হিন্দু ছাত্রাবাসের ভোজন গৃহে লইয়া যায়। আসামী এই সংবাদ পাইয়া তথায় আসেন ও দেবমূর্ত্তি অপসারিত করিবার আদেশ দেন। ছাত্রগণ সেই জন্য যে বাড়ীতে মূর্ত্তিটি পূজিত হইয়াছে সেই বাড়ীতে রাত্রির মত রাখিবার ব্যবস্থা করেন। রাত্রি ৯৷৷০ টার হওয়ায় ছাত্রগণ ছাত্রাবাস পরিত্যাগ করিয়া তাহাদের হিন্দু ভৃত্যের সহিত গিয়া মূর্ত্তিটি যথাস্থানে রাখিয়া আসিতে পারে নাই। আসামী তখন হিন্দু ভৃত্যের সহিত কম্পাউণ্ডের বাহির পর্য্যন্ত গিয়া ভৃত্যকে ফুট পথের উপরে দেবী মূর্ত্তি রাখিয়া দিবার আদেশ করে ভৃত্যও তাহাই করিতে বাধ্য হয়। আসামী তখন মূর্ত্তিটি ধরিয়া আবর্জ্জনা ময়লা ফেলিবার আধার মধ্যে ফেলিয়া দেয়। আসামীকে ক্ষমা প্রার্থনা করিতে বলায় আসামী তাহা করে না। ম্যাজিষ্টেট শ্রীযুক্ত কীজ্ সাহেব আগামী ১লা মার্চ্চ আদালতে হাজির হইবার আদেশ দিয়াছেন।

## নীলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।
নিলামের দিন ১৮ই মার্চ্চ ১৯১৯।

নিম্নলিখিত নম্বরগুলির ডিক্রীদার কুমার কালিদাস পাঁড়ে।

৫৯৩ থাং দেং বসন্তকুমার ঘোষ দিং দাবি ৩৫৷৷৶৩ পং রাজসাহি মৌজে দিঘরী ২।৪৷৷ কাত ৯৲১৫ আঃ ১০৲

৫৯১ থাং দেং দিলু মণ্ডল দাবি ২৭৸৶৩ পং রাজসাহী মৌজে দিঘরী ৮/১ কাত ৬৸৶৪ আঃ ১০৲

৫৯২ থাং দেং তারেশচন্দ্র মিস্ত্রী দং দাবি ২২৸৶৯ পরগনাদি ঐ ১৷৷২ কাত ৫৶ আঃ ৮৲

৯০৬ থাং দেং গিরিশচন্দ্র সাহা দিং দাবি ১৩৶৯ পং রুকুনপুর মৌজে পাইকপাড়া ।৪ কাত ২৷৶ আঃ ১০৲

৮০৪ থাং দেং জিনাদ্দি মণ্ডল দাবি ৮৩৷৷৬ পং কাশিমনগর মৌজে সেরাজপুর ২১৸২৷৷ কাত ১৩৷৷৶১৫ আঃ ১৫৲

নিম্নলিখিত নম্বরগুলির ডিক্রীদার কুমার জ্ঞানেন্দ্রচন্দ্র পাঁড়ে।

৬১৭ থাং দেং ফরজ সেখ দাবি ৩।৶১০ পং কাকজোল মৌজে বহরাগাছি ৪/০৷৷ কাত ২৮৫ আঃ ২৲

# আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যং পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্‌॥ ১;
চরক সংহিতা।

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য
শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক।
৭৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ।
আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

| | |
|---|---|
| ১—দীর্ঘায়ু<br>২—স্বাস্থ্য<br>৩—শক্তি | এই তিনটী জিনিস<br>লাভ করিবার প্রকৃত উপায়— |

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে।

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পারপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা

## অতি সস্তার

কুহকে মজিয়া স্বাস্থ্য ও অর্থ নষ্ট করিবার পূর্ব্বে আমাদের বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় ঔষধ ব্যবহার করুন। খাস কাসের মহৌষধ চ্যবনপ্রাশ /১ সের ৬৲ সাধারণ মকরধ্বজ ১ ভরি ৮৲ হিন্দুলোত্থ পারদযোগে প্রস্তুত মকরধ্বজ ১ ভরি ১৬৲ ধাতুদৌর্ব্বল্য, অগ্নিমান্দ্য ও সূতিকায় "জীবনীয় রসায়ন" ইহা অল্পমেধা ছাত্র, প্রসূত ও দুর্ব্বলের একমাত্র সহায়। মূল্য ২০ মাত্রা ১ শিশি ১৲ হাঁপানীর "বাসারিষ্ট ও কনকাসব" ১ মাত্রা সেবনেই হাঁপ কষ্ট কমিবে। মূল্য ১ শিশি ৸০ ও ।৷৴০ আনা। প্রদরের অশোকারিষ্ট, ক্ষয় ও কাসের দ্রাক্ষারিষ্ট, বাতরক্ত, কুষ্ঠ, উপদংশ ও সকলপ্রকার রক্ত দুষ্টির অনন্তারিষ্ট ১ বোতল ১৷৹ প্রমেহের চন্দনারিষ্ট ও চন্দনাদি চূর্ণ ১ দিনেই জ্বালা যন্ত্রণা ও পূয নির্গমন কমিবে। একত্রে ১৪ দিন সেবনোপযোগী ২৲ অগ্নিমান্দ্যে ভাস্কর লবণ /০ ছটাক ৷৴০ অগ্নিমান্দ্যে গঙ্গাধরী পাচক ১ কৌটা ১৫ বটী ।০ ইহা অগ্নিবর্দ্ধক অরুচি নাশক। কোষ্ঠবদ্ধে গঙ্গাধরী রেচক বা দ্রাক্ষাদি ১ কৌটা ৯ বটী ।৴০ ইহাতে আমবাত, কোমরের বাথা, পুরাতন জ্বর, গুল্ম ও শূল প্রভৃতি আরোগ্য হয়। রাত্রে শয়নের পূর্ব্বে সেবনে সকালে কোষ্ঠ শুদ্ধ হয়। দন্ত মঞ্জন ১ কৌটা ৵০। দাদের মলম ১ কৌটা ।০ আনা। অন্যান্য ঔষধ ও জারিত ধাতু দ্রব্য সুবিধা হয়। পরীক্ষা প্রার্থনীয়। পাইকার ও ছাত্রদিগকে সুবিধায় দেওয়া হয়।

সুপ্রসিদ্ধ কবিরাজ রাজেন্দ্রনারায়ণ সেন মহাশয়ের ভাগিনেয়
ও ছাত্র আয়ুর্ব্বেদীয় পরীক্ষায় সর্ব্বোচ্চ পদকপ্রাপ্ত
**কবিরাজ শ্রীবিভূতিভূষণ গুপ্ত কবিরঞ্জন, গয়া।**

---

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত-মূল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে।
জঙ্গিপুর, সাহেব বাজার (মুর্শিদাবাদ)

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে বর-কনের ব্যবহার জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষ ফুটিয়া উঠিবে। সমস্ত দেশে "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গ [illegible] হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ।৶০ [illegible] আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দোকালীন জ্বর, মজ্জাগত ও [illegible] জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখ নেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, [illegible], আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সকলই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত [illegible] রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

## মিল্ক অব রোজ।

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকল ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ৷০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

---

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন।

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড. টেরিটিবাজার, কলিকাতা।

---

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ হেউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হস্ত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৷৶০ দশ আনা।

ডাঃ নন্দলাল পাল,
রঘুনাথগঞ্জ।